শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

## কালীগঞ্জ উপজেলা পরিষদের জুন/২০২৪ মাসের প্রথম সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | : জনাব রাকিবুজ্জামান আহমেদ<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সভার স্থান | : উপজেলা পরিষদ মিলনায়তন, কালীগঞ্জ, লালমনিরহাট। |
| সভার তারিখ | : ১৩/০৬/২০২৪। |
| সময় | : বেলা: ৩.০০ টায়। |
| উপস্থিতি | : পরিশিষ্ট 'ক' |
| অনুপস্থিতি | : পরিশিষ্ট 'খ' |

সভার শুরুতে জনাব জহির ইমাম, উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট উপজেলা পরিষদের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব নুরুজ্জামান আহমেদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৭-লালমনিরহাট-২ মহোদয় উপজেলা পরিষদের প্রথম মাসিক সভায় উপস্থিত থাকায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। উপজেলা নির্বাহী অফিসার নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান জনাব রাকিবুজ্জামান আহমেদ, উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব দেবদাস কুমার রায় ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব শিউলী রানী রায়-কে শুভেচ্ছা ও স্বাগত জানান এবং উপস্থিত সকল সদস্যগণকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। সেইসাথে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট এর অনুমতি সাপেক্ষে দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপনের জন্য সকল বিভাগীয় প্রধানগণকে অনুরোধ জানিয়ে প্রথম সভার কার্যক্রম পরিচালনা করেন।

০১। বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :

সভায় ২৪/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত মার্চ ২০২৪ মাসের সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

০২। কমিটি সমূহের সুপারিশ সম্পর্কিত আলোচনা :

নবনির্বাচিত উপজেলা ভাইস চেয়ারম্যান ও উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানগণ সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন এবং সকলের সাথে মিলেমিশে কাজ করার আহবান জানান। সেইসাথে উপজেলা পরিষদে তার নেতৃত্বাধীন সভাগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য কমিটির সকল সদস্যগণের সহযোগিতা একান্তভাবে কামনা করেন।

বিভাগওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত : বিভাগওয়ারী বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

(i) স্বাস্থ্য বিভাগ :

উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা তার দাপ্তরিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, বর্তমানে তার দপ্তরে ডাক্তারের মঞ্জুরীকৃত পদ ২৯টি, কর্মরত ১১জন এবং শূন্য পদ রয়েছে ১৮টি। হাসপাতালে নার্সের মঞ্জুরীকৃত পদ ৩৯টি কর্মরত ৩৮জন এবং শূন্য পদ ০১টি। বহিঃ বিভাগে চিকিৎসাপ্রাপ্ত রোগীর সংখ্যা ৪৫১৫জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যা ১৯২৪জন এবং আন্তঃ বিভাগে ভর্তি ৬৮৮জন। ইসিজি সেবা প্রদান ১১৫জন এবং আলট্রাসনোগ্রাম ০জন, এক্স-রে পরীক্ষা ২৯৫জন, প্যাথলজিক্যাল পরীক্ষা ৬৪০জন, স্বাভাবিক প্রসব ৩২জন, সিজারিয়ান ০১জন এবং মাইনর সার্জারী ৩২৩জন। এছাড়া ১৩/০৬/২০২৪ তারিখ পর্যন্ত তার দপ্তরে করোনা ভাইরাস ১ম ডোজ ২,৩৪,৩২৪জন, ২য় ডোজ ২,১৭,৮৩১জন এবং ৩য় ডোজ ৯৫,০৭৭জন ভ্যাকসিন প্রদান করেছেন বলে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে স্বাস্থ্য সেবার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(ii) কৃষি বিভাগ :

উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কালীগঞ্জ উপজেলায় ১৩০৪০ হেক্টর জমির মধ্যে ধান কর্তন সম্পন্ন হয়েছে। মোট উৎপাদন হয়েছে চালে ৫৮৫৫৩মে. টন। খরিপ-২ মৌসুমে ১৭১৫০হেক্টর জমিতে রোপা আমন ধানের আবাদ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। হাইব্রিড জাত ও উচ্চ ফলনশীল জাতের আবাদের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির পরিকল্পনা করা হয়েছে। বর্তমান সরকারের পরিকল্পনা হলো আমদানী নির্ভরতা থেকে সরে আসা। সরকারের মহৎ উদ্যোগ প্রণোদনা কর্মসূচির মাধ্যমে উন্নত উচ্চফলনশীল জাতের ধানের বীজ ও সার ক্ষুদ্র এবং প্রান্তিক কৃষকের মাঝে সরবরাহ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ২০২৩-২৪ অর্থ বছরের গম, ভুট্টা, সরিষা, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ ও মুগডাল ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। প্রণোদনা কর্মসূচির মাধ্যমে ২০২৩-২৪ অর্থ বছরের হাইব্রিড উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৫২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে। ভূট্টার লক্ষ্যমাত্রা ছিল ৪১৭০ হেক্টর জমি; তন্মধ্যে ৪১১০ হেক্টর জমিতে ভূট্টা রোপন হয়েছে। রোগ ও পোকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আলুর ১০১০হেক্টর জমিতে লক্ষ্যমাত্রার মধ্যে ১১৯৫হেক্টর আলুর আবাদ হচ্ছে। আলুর রোগ-পোকার পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা ১ইঞ্চি জমিও যাতে অনাবাদী না থাকে সে লক্ষ্যে অনাবাদী পতিত জমি ও বসতবাড়ীর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগান স্থাপন সম্পন্ন হয়েছে। উপজেলার সার পরিস্থিতি সন্তোষজনক এবং পর্যাপ্ত মজুদ রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিভাবে রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iii) প্রাণিসম্পদ বিভাগ :

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে সভায় অবহিত করেন। তিনি জানান যে, এ উপজেলায় জুন/২০২৪ মাসে সংকর জাতের গবাদি পশুর বাছুরের সংখ্যা ১৪২টি ও গবাদী পশুর চিকিৎসা সংখ্যা ১৫৮৯টি। টিকা প্রদানকারী গবাদী পশুর সংখ্যা ৩২৭২টি। হাঁস-মুরগীর সংখ্যা ৬১০০০টি। চিকিৎসা প্রদানকারী হাঁস-মুরগীর সংখ্যা ১১৯৯৬টি এবং পোষা প্রাণির চিকিৎসা প্রদান ০১টি যথাযথভাবে সম্পন্ন করা হয়েছে। এছাড়া পশু-পাখির রোগ অনুসন্ধানে নমূনা সংগ্রহ ও গবেষণাগারে প্রেরণ সংখ্যা ১০টি, ডিজিজ সার্ভিলেন্স সংখ্যা ০২টি, খামারি প্রশিক্ষণ প্রদান সংখ্যা ১০৬০জন। এছাড়া তিনি আরও জানান যে, গতমাসে ২১৮৪.৫ মেট্রিক টন দুধ ও ২১১৮.২৮ মেট্রিক টন মাংস এবং ৪৩ লক্ষমাত্রা ডিম উৎপাদন করা হয়েছে মর্মে সভায় জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(iv) উপজেলা প্রকৌশলী :

(ক) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, কালীগঞ্জ উপজেলাকে মডেল উপজেলা হিসেবে তৈরী করার নিমিত্ত এলজিইডি'র দপ্তর প্রতিনিয়ত কাজ করে যাচ্ছেন। এছাড়া তিনি আরও জানান যে, উপজেলা পরিষদের প্রকল্প বাস্তবায়ন কাজে নিয়োজিত কারিগরি কর্মকর্তা/কর্মচারীদের তদারকি বাবদ ১% এবং আনুতোষিক ০.৫% ব্যয় প্রতিটি প্রকল্পের অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হলো। ২০২২-২০২৩ইং অর্থ বছরের দরপত্র মূল্যায়ন কাজ ও নিয়োজিত সম্মানীত সদস্যগণের পাওনা সম্মানী এবং ২০২৩-২৪ অর্থ বছরে সম্মানী পরিশোধের জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত দরপত্র মূল্যায়ন কাজ ও নিয়োজিত সম্মানীত সদস্যগণের পাওনা সম্মানী এবং ২০২৩-২৪ অর্থ বছরে সম্মানী পরিশোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(v) মৎস্য বিভাগ :

সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, প্রতি বছরের ১লা নভেম্বর থেকে ৩০ জুন পর্যন্ত জাটকা সংরক্ষণ কার্যক্রম চলমান আছে আগামী জুলাই মাসের শেষ সপ্তাহের দিকে জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৪ উদ্‌যাপন হতে পারে মর্মে সভায় জানান। পাশাপাশি তিনি দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও নিয়ম মাফিক চলমান আছে মর্মে সভায় জানান। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থাকার অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(vi) পরিবার পরিকল্পনা বিভাগ :

উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় জানান যে, পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য সংক্রান্ত কার্যক্রমের তথ্য উপস্থাপন করেন। স্থায়ী পদ্ধতি গ্রহণ করেছেন পুরুষ ০ জন, মহিলা ০১ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি গ্রহণ করেছেন আই ইউ ডি ৪৮জন, ইমপ্ল্যান্ট ৪৮জন। অস্থায়ী পদ্ধতি (ক) খাবার বড়ি বিতরণ (সুখী) ৪৮৬১চক্র, (খ) খাবার বড়ি বিতরণ (আপন) ৩৬৫চক্র, কনডম ৪৪৪২পিস, ইনজেকটেবলস ০ (ভায়াল) বিতরণ করা হয়েছে। তিনি জানান মোট সক্ষম দম্পতি ৫৫৩৩১জন এবং মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩৮৮৪জন। পদ্ধতি গ্রহণকারীর হার ৭৯.৩১৫%। মা ও শিশু কার্যক্রম সর্ম্পকে তিনি আরও জানান যে, নিবন্ধনকৃত গর্ভবতী মায়ের সংখ্যা পুরাতন ১৩৮৯জন, নতুন গর্ভবতী ২৩৯জন মোট গর্ভবতী ১৬২৮জন এবং ১০৬৯জন গর্ভবর্তীর পরিচর্যা করা হয়েছে। ২০১জন নরমাল ডেলিভারী, সিজারিয়ান ৮৬জন এবং প্রাতিষ্ঠানিক ডেলিভারী ১৯জন। ০-৫ বছরের শিশুর সেবা প্রদান করা হয়েছে ২৪১০জন। কিশোর-কিশোরী বয়ঃসন্ধিকাল সেবা দেয়া হয়েছে ৪৫৫৩জনকে এবং সাধারণ রোগীর সেবা প্রদান করা হয়েছে ৩৩৯৯জনকে। অত্র উপজেলায় ৫৩টি স্যাটেলাইট কমিউনিটি ক্লিনিকের মধ্যে সম্পাদিত হয়েছে ৪০টি। তিনি আরও জানান যে, মাঠ পর্যায়ে বাড়ী বাড়ী দম্পতি রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার-কে মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম অব্যাহতরাখাসহ বিভাগীয় কর্যক্রম গতিশীল করার অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(vii) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ভিজিএফ ২২৮৫৮টি কার্ডের অনুকূলে ২২৮.৫৮মে টন চাল বরাদ্দ প্রদান করা হয়েছে। আশ্রয়ণ প্রকল্পে জি,আর ২৪.০০মে. টন চাল, জি,আর ক্ষতিগ্রস্ত ২৫.০০মে. টন চাল। দুর্যোগ ব্যবস্থাপণা মন্ত্রণালয়ের অধীন ০৭টি ব্রীজের কাজ চলমান রয়েছে। টি,আর ও কাবিখা প্রকল্পের কাজ চলমান রয়েছে। ইজিপিপি অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ১৫০৩ জন উপকারভোগী ৩৩দিন করে কাজ করেছেন। শ্রমিকদের বিল এজিটুপি পদ্ধতিতে পরিশোধ করা হয়েছে। এছাড়া এইচবিবি প্রকল্পের আওতায় ০৭টি ব্রীজের টেন্ডার হয়েছে এবং ঠিকাদার নির্বাচন হয়েছে। গার্ডার ব্রীজের ০৭টি ব্রীজের প্রস্তাব খুব দ্রুত টেন্ডার হবে। শৌলমারী চড়ে মুজিব কেল্লা টেন্ডার হয়েছে; যার বরাদ্দ ৮,৫০,০০০,০০/- টাকা। প্রকল্পের কাজ চলমান রয়েছে মর্মে সভায় অবহিত করেন।

সিদ্ধান্ত : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে গৃহিত প্রকল্পের ব্রীজ ও এইচবিবি প্রকল্পের কাজ নজরদারি রাখাসহ দ্রুত সম্পন্নকরণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(viii) মাধ্যমিক শিক্ষা বিভাগ :

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, নৈপুন্য অ্যাপস এর মাধ্যমে মাধ্যমিক পর্যায়ের শিক্ষাকে গতিশীল করার লক্ষ্যে তার দপ্তরের শিক্ষকগণ একযোগে কাজ করে যাচ্ছেন মর্মে সভায় অবহিত করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

ix) প্রাথমিক শিক্ষা দপ্তর :

উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, সরকারি প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন কাজ চলমান রয়েছে। শিক্ষকগণ বিদ্যালয়ে যথানিয়মে আগমন ও প্রস্থান করেছেন। নিথক সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ২৫.০০ শতাংশ জমি অবৈধভাবে দোকানঘর নির্মাণ করে দখল করে আসছেন মর্মে দখলদার উচ্ছেদের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(x) সমাজসেবা বিভাগ :

উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরের সর্বশেষ কিস্তিতে ৩৭৫৬৭ জনের পে-রোল প্রেরণ করা হয়েছে এবং ভাতাভোগীদের মধ্যে সকলেই ভাতার টাকা পেয়েছেন। হ্যাকার গ্রুপ বিভিন্নভাবে ধোকা দিয়ে ভাতাভোগীদের কাছ থেকে টাকা হাতিয়ে নিচ্ছে মর্মে সভায় জানান। তাই তিনি সকল ভাতাভোগীদের সচেতন করার জন্য প্রতিনিধিসহ উপস্থিত সকলকে অনুরোধ জানান। এছাড়া এ কার্যালয়ে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ভাতাভোগীদের যেন পাবলিক টয়লেট এবং বসার জন্য সুব্যবস্থা পায় সে জন্য উপজেলা পরিষদের বরাদ্দ থেকে ব্যবস্থা করার জন্য চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট মহোদয়কে অনুরোধ জানান। এছাড়া অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা সমাজসেবা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে সকল প্রকারের ভাতা কার্যক্রম গতিশীল রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

(xi) জনস্বাস্থ্য প্রকৌশলী :

উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের ২০৮টি অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে ২০৮টি অগভীর নলকুপ এবং MBTW এর (৫৩+৫৬) টি অগভীর নলকূপের কাজ শেষ হয়েছে। কমিউনিটি ভিত্তিক ওয়াটার সাপ্লাই সিস্টেমের ১৮টির বোরিং কাজ শেষ হয়েছে। বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক নির্মাণ কাজ শেষ হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

সিদ্ধান্ত : উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম গতিশীল রাখার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xii) সমবায় বিভাগ :

উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা সমবায় বিভাগ কর্তৃক ০৪টি আশ্রয়ণ এবং ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের কার্যক্রম চলমান আছে। ০৪টি আশ্রয়ণ প্রকল্পের মধ্যে কাশীরাম, ভোটমারী-১ এবং ভোটমারী-২ আশ্রয়ণ প্রকল্প সম্পূর্ণরুপে নদীগর্ভে বিলীন হয়ে গেছে এবং বোতলা আশ্রয়ণ ও মহিষামুড়ী আশ্রয়ণ ফেইজ-২ এবং উত্তর বালাপাড়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পের ব্যারাক হাউজের ঘড়গুলো নতুন করে তৈরী করা হয়েছে। আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পের আওতায় চলমান প্রকল্পগুলো হলো ১) উত্তর বালাপাড়া, ২) উত্তর দলগ্রাম কালভৈরব, ৩) উত্তর দলগ্রাম বড়দীঘির পাড় এবং ৪) মহিষামুড়ী আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্প। উল্লিখিত ০৪টি আশ্রয়ণ (ফেইজ-২) প্রকল্পে মোট ৩৪০টি পরিবার পুনর্বাসিত হয়েছে। উক্ত পুনর্বাসিত পরিবারের মধ্যে এপ্রিল/২০২৪ মাস পর্যন্ত মোট ৩৮,৯৭,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। উক্ত ঋণের মধ্যে এপ্রিল/২০২৪ মাসে মোট আসল ১৯,৭৯,৪৪০/- এবং ১,৫৭,৬৮০/- সার্ভিস চার্জ আদায় করা হয়েছে। উক্ত সার্ভিস চার্জ এর মধ্যে ৩% হিসেবে আশ্রয়ণ প্রকল্পে ৫৪,৯৩০/- টাকা প্রেরণ করা হয়েছে। এছাড়া বর্তমানে তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(xiii) মহিলা বিষয়ক দপ্তর :

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের আওতায় মে ২০২৪ মাসের ২১৩৬জন উকারভোগীদের খাদ্যশষ্য বিতরণের আদেশ দেয়া হয়েছে। ২০২৩-২৪ অর্থ বছরের এপ্রিল হতে জুন/২০২৪ পর্যন্ত ০৩ (তিন) মাস মেয়াদী WTC প্রশিক্ষণ কেন্দ্রে দর্জি বিজ্ঞান ট্রেডে ৩০ জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় মে/২০২৪ মাসে ঋণের কিস্তি বাবদ সুদাসলসহ ৩,৫১০/- টাকা আদায় হয়েছে এবং ১,১৫,২৪৪/২৬ টাকা ব্যাংকে জমা করা হয়েছে মর্মে সভায় উপস্থাপন করেন। অত্র কার্যালয়ের অধীনে ০৮টি ইউনিয়নে অবস্থিত ০৮টি ক্লাবের ক্লাব প্রতি ২০ জন কিশোরী ও ১০ জন কিশোরসহ মোট ৩০ জন হিসেবে ২৪০ জন সংগীত ও আবৃত্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। মে/২০২৪ মাসে জজ কোর্ট, লালমনিরহাট হতে নারী ও শিশু নির্যাতন বিষয়ে ০১টি মামলা জমা পরেছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xiv) পল্লী উন্নয়ন :

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, তার দপ্তরের আত্তাতয় পুঁজি গঠন ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। উপজেলা পল্লী ভবনে আগত সমবায়ী/সদস্যদের টয়লেট ব্যবহারের অসুবিধার সম্মুখীন হতে হয়। তাই টয়লেটটি মেরামত করে দেওয়ার জন্য অনুরোধ করেন এবং হলরুমে বিভিন্ন সময়ে প্রশিক্ষণ কার্যক্রম চলমান থাকায় উক্ত হলরুমটি মেরামত ও ১০টি ফ্যান বরাদ্দ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xv) যুব উন্নয়ন বিভাগ :

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, চলতি অর্থবছরে এ যাবৎ প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪২০জন। অত্র কার্যালয় হতে ঋণ বিতরণ করা হয়েছে ২,০১,৮৪,৫০০/- (দুই কোটি এক লক্ষ চুরাশি হাজার পাঁচশত) টাকা ১০৩৭ জনের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। চলতি অর্থ বছরে ঋণ বিতরণ করা হয়েছে ১২,২৫,০০০/- (বার লক্ষ পঁচিশ হাজার) টাকা ৫৭ জনের মধ্যে। চলমান আদায়যোগ্য টাকা ১,১৫,৫০০/-, ক্রমপুঞ্জিত আদায়যোগ্য টাকা ১,৮৬,৯৬,০০০/-, চলমান আদায়কৃত টাকা ১,০৪,৬০০/- এবং ক্রমপুঞ্জিত আদায় ১,৫২,২৮,৬৮৫/- টাকা। ঋণ আদায় হার ৯১%। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভায় জানান।

সিদ্ধান্ত : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট-কে বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

(xvi) ফরেষ্টার উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র :

ফরেষ্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ভোটমারী ইউনিয়নের আফজাল মিয়ার বাড়ী হতে সটিপাড়া পর্যন্ত ১.০০ কি: মি: সংযোগ সড়কে, তুষভান্ডার ইউনিয়নের তুষভান্ডার রেল স্টেশনের পশ্চিম পার্শ্বে রেলক্রসিং হইতে ভোটমারী অভিমুখে ৪.০০ কি. মি., কাকিনা ইউনিয়নের কাকিনা হাটের পূর্ব দিক হতে ইশোরকোল অভিমুখে ৫.০০ কি. মি. (বাঁধ পর্যন্ত) এবং ভোটমারী ইউনিয়নের শ্রুতিধর মৌজার দরগার পাড় হতে বড়দিঘীর পাড় পর্যন্ত ২ কি. মি. পর্যন্ত রোপিত বাগানের গাছ চুক্তির শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কর্তনপূর্বক সুবিধাভোগীদের মাঝে অর্থ বন্টনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন।

সিদ্ধান্ত : ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উল্লিখিত স্থানের রোপিত বাগানের গাছ চুক্তির শর্ত সাপেক্ষে বিধি মোতাবেক নিলাম প্রক্রিয়ার মাধ্যমে কর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।

০৪। বিবিধ আলোচনা ও সিদ্ধান্ত :

(ক) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের আত্তাধীন উপজেলা পল্লী দারিদ্র ভবন, উপজেলা খাদ্য ভবন, সহকারী সেটেলমেন্ট ভবন ও উপজেলা পরিষদের আবাসিক ভবন মেরামতের জন্য এবং উপজেলা পরিষদ আত্তাধীন ০৩টি পুকুরের পাড় সংস্কারসহ পুকুর খনন অতীব জরুরী হওয়ায় সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে উপজেলা পল্লী দারিদ্র ভবন, উপজেলা খাদ্য ভবন, সহকারী সেটেলমেন্ট ভবন ও উপজেলা পরিষদের আবাসিক ভবন মেরামতের জন্য এবং উপজেলা পরিষদ আত্তাধীন ০৩টি পুকুরের পাড় সংস্কারসহ পুকুর খননের প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(খ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের আওতাধীন ০৩টি পুকুর ০১ (এক) বছরের জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা হিসেবে লীজ প্রদান করা হয়েছিল যার মেয়াদ গত ০৫/০৬/২০২৪ তারিখে শেষ হওয়ায় পুনরায় ০১ (এক) বছরে জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় লীজ প্রদান করা আবশ্যক। তাই জরুরী ভিত্তিতে পুকুর ০৩টির লীজ প্রদানপূর্বক লীজকৃত টাকা উপজেলা পরিষদ জামে মসজিদের তহবিলে জমা প্রদানের জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের জামে মসজিদের ইমাম, খতিব ও মুয়াজ্জিনের সম্মানীভাতাসহ মসজিদের মেরামত/সংস্কার খাতে ব্যয় করার জন্য সকলে একমত পোষণ করলে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে ০৩টি পুকুর ০১ (এক) বছরে জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় লীজ প্রদানপূর্বক লীজকৃত টাকা উপজেলা পরিষদ জামে মসজিদের হিসাবে জমা প্রদানের প্রয়োজনী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ক) চেয়ারম্যন, গোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় নবনির্বাচিত উপজেলা চেয়াম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে শুভেচ্ছা ও স্বাগত জানান এবং তার ইউনিয়নের বামনের বাসা হতে বলাইরহাট পর্যন্ত রাস্তাটি মেরামত করা একান্ত প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন। তিনি আরও জানান যে, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৭-লালমনিরহাট-২ মহোদয়ের সুপারিশক্রমে বাংলা ১৪৩১ সনের হাট-বাজার রক্ষনাবেক্ষণ ও মেরামত খাত (১০%) অর্থদ্বারা ০২টি প্রকল্প অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। চেয়ারম্যান, গোড়ল ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট কর্তৃক উপস্থাপনকৃত প্রকল্প ২টি বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় বিস্তারিত আলোচনা করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে উক্ত প্রকল্প ০২টি বাস্তবায়নের জন্য সকল সদস্যগণ একমত পোষণ করলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। প্রকল্পসমূহ নিম্নরুপ:

| ক্র: নং | প্রকল্পের নাম | সম্ভাব্য বরাদ্দের পরিমাণ |
|---|---|---|
| ১. | কালীগঞ্জ উপজেলাধীন গোড়ল ইউনিয়নের বলাইহাটের ভিতরের গলি আরসিসিকরণ | ৯,০০,০০০/- |
| ২. | কালীগঞ্জ উপজেলাধীন গোড়ল ইউনিয়নের লোহাকুচি হাটের ভিতর গলির ০১টি রাস্তা আরসিসিকরণ | ৪,০০,০০০/- |
| | মোট= | ১৩,০০,০০০/- |

সিদ্ধান্ত : উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত বাংলা ১৪৩১ সনের হাট-বাজার রক্ষনাবেক্ষণ ও মেরামত খাত (১০%) অর্থদ্বারা গোড়ল ইউনিয়নের উল্লিখিত প্রকল্প ০২টি গ্রহণপূর্বক বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(খ) চেয়ারম্যান, ভোটমারী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় নবনির্বাচিত উপজেলা চেয়াম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে শুভেচ্ছা ও স্বাগত জানান এবং সকলের সাথে মিলেমিশে কালীগঞ্জ উপজেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

(গ) চেয়ারম্যান, মদাতী ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় নবনির্বাচিত উপজেলা চেয়াম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে শুভেচ্ছা ও স্বাগত জানান এবং সকলের সাথে মিলেমিশে কালীগঞ্জ উপজেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়া তিনি তার ইউনিয়নের চামটার হাট হয়ে ভোটমারীগামী রাস্তাটি মেরামত করা একান্ত প্রয়োজন মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন।

(ঘ) চেয়ারম্যন, তুষভান্ডার ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় নবনির্বাচিত উপজেলা চেয়াম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগত ও শুভেচ্ছা জানান এবং সকলের সাথে সকলের বন্ধুসুলভ আচরণে একসাথে কাজ করার প্রত্যয় ব্যক্ত করেন।

(ঙ) চেয়ারম্যন, চলবলা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় নবনির্বাচিত উপজেলা চেয়াম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে স্বাগত ও শুভেচ্ছা জানান এবং কালীগঞ্জ উপজেলাকে মাদকমুক্ত করার জন্য সকলের সহযোগিতা কামনা করেন এবং কালীগঞ্জ উপজেলাকে স্মার্ট উপজেলা হিসেবে গড়ে তোলার প্রত্যয় ব্যক্ত করেন। এছাড়া তিনি কালীগঞ্জ উপজেলার প্রত্যেকটি হাট-বাজারের ইজারাদারগণ কর্তৃক অতিরিক্ত হারে টোল আদায়ের বিষয়ে বিশেষ করে শিয়ালখোওয়া হাট-বাজারের অতিরিক্ত হারে টোল আদায়বন্ধে উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানান। সেইসাথে হাট-বাজার ইজারা চুক্তিপত্র শর্ত ভঙ্গের কারণে শিয়ালখোওয়া হাট-বাজারের ১৪৩১ সনের ইজারা বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

(চ) চেয়ারম্যান, কাকিনা ইউনিয়ন পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় নবনির্বাচিত উপজেলা চেয়াম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানান। তিনি বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা'র স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কালীগঞ্জ উপজেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত: উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে ধন্যবাদ জানান। সেইসাথে সকল ইউনিয়নে বিভিন্ন সমস্যা সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে বিস্তারিত আলোচনা করেন এবং উপজেলা পর্যায়ে সকল হাট-বাজার বিশেষ তদারকির মাধ্যমে অতিরিক্ত টোল আদায়বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। হাট-বাজার ইজারা চুক্তিপত্র শর্ত ভঙ্গের কারণে সরকারি বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়।



CamScanner

(ছ) উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ৬ষ্ঠ পর্যায়ের আওতায় ৪৬০.৬০০.০০২.০০.০০.০৩.৫(৬), ২০২৩.৭৬৬. তারিখ:- ২৭/০৯/২০২৩ তারিখের অনুমোদনের প্রেক্ষিতে কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সোলার লাইট/স্ট্রীট লাইট স্থাপন বিষয়ক উপপ্রকল্পের কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। উক্ত কাজের চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর বাদে নীট ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ) টাকা পরিশোধের জন্য সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট এর উপস্থাপনকৃত ২০২৩-২৪ অর্থ বছরে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প ৬ষ্ঠ পর্যায়ের আওতায় কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়কে সোলার লাইট/স্ট্রীট লাইট স্থাপন বিষয়ক উপপ্রকল্পের কাজ ইতিমধ্যে সমাপ্ত হওয়ায় ঠিকাদার কর্তৃক দাখিলকৃত চূড়ান্ত বিল ভ্যাট ও আয়কর বাদে ৩৬,০০,০০০/- (ছত্রিশ লক্ষ) টাকা পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(জ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, ২০২৩-২০২৪ অর্থ বছরের আসবাবপত্র খাত হতে, অফিস সরঞ্জাম খাত, জীপগাড়ী মেরামত খাত, আপ্যায়ন খাত ও আনুষঙ্গিক খাত, পানির পাম্প মেরামত/ক্রয় খাত সিসি টিভি ক্রয় খাত, সৌর প্যানেল মেরামত খাত এবং মশা নিধন ও ঔষধ ক্রয় খাতসহ বিভিন্ন খাতে মার্চ ২০২৪ হতে জুন ২০২৪ পর্যন্ত বিভিন্ন বিল প্রদান করা হয়েছে। যার ব্যয় উত্তোর বিল ভাউচার সভায় উপস্থাপন করেন। উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট এর খাতওয়ারি উপস্থাপনকৃত বিলসমূহ বিস্তারিত আলোচনান্তে পরিশোধের নিমিত্ত সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : ২০২৩-২০২৪ অর্থ বছরের বিভিন্ন খাতওয়ারী বিল ভাউচারসমূহ পর্যালোচনাপূর্বক পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

(ঝ) উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট সভায় জানান যে, উপজেলা পরিষদের রক্ষনাবেক্ষণ খাত হতে ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুম সংস্কার, টাইলসকরণ, ওয়াশরুম সংস্কারকরণ বাবদ ৬,০০,০০০/- (ছয়লক্ষ) টাকা এবং আসবাবপত্র খাত হতে উপজেলা চেয়ারম্যানের রুমের জন্য টেবিল, চেয়ার ও সোফা সেট ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট কর্তৃক প্রস্তুত করা হয়েছে। যা সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে প্রাক্কলন অনুযায়ী উক্ত প্রকল্পের কাজ সম্পন্নকরণের জন্য সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সিদ্ধান্ত : উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানদ্বয়ের রুম সংস্কার, টাইলসকরণ, ওয়াশরুম সংস্কারকরণ বাবদ ৬,০০,০০০/- (ছয়লক্ষ) টাকা এবং আসবাবপত্র খাত হতে উপজেলা চেয়ারম্যানের রুমের জন্য টেবিল, চেয়ার ও সোফা সেট ক্রয় বাবদ ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার প্রাক্কলন অনুযায়ী বিলসমূহ ২০২৪-২০২৫ অর্থ বছরের উপজেলা পরিষদের রাজস্ব তহবিল এর রক্ষনাবেক্ষণ ও আসবাবপত্র খাত হতে পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট-কে অনুরোধ জানিয়ে সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।

বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব রাকিবুজ্জামান আহমেদ উপজেলা পর্যায়ের সকল বিভাগীয় কর্মকর্তাগণকে কালীগঞ্জ উপজেলা পরিষদকে মডেল হিসেবে গড়ে তোলার নিমিত্ত দক্ষ ও নিষ্ঠাবান হয়ে সকলের সাথে সকলের সু-সম্পর্ক বজায় রেখে জনসাধারণের উন্নয়কল্পে কাজ করার আহবান জানান। এছাড়া তিনি বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা'র স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কালীগঞ্জ উপজেলাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। সেইসাথে প্রত্যেক বিভাগীয় প্রধানগণকে দাপ্তরিক কাজকর্মে মনোযোগী হয়ে আন্তরিকতার সহিত সেবা প্রদানের জন্য পরামর্শ প্রদান করেন।

অতঃপর সভায় আর অন্য কোন আলোচনা না থাকায় সকলকে দীর্ঘায়ু ও সুস্বাস্থ্য কামনা করে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

13.06.24

(রাকিবুজ্জামান আহমেদ)
তারিখ:- ১৩-০৬-২০২৪
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
কালীগঞ্জ, লালমনিরহাট।

**My Documents: E: Resulation : 13-06-2024**

CamScanner

উপজেলা পরিষদ কার্যালয়
কালীগঞ্জ, লালমনিরহাট।

স্মারক নম্বর:- ০৫.৪৭.৫২৩৯.০০০.০৩.০৪৮.২০২৪- ৫৭ (৩৫)

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪৩১
১৩ জুন ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব নুরুজ্জামান আহমেদ, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৭-লালমনিরহাট-২।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, লালমনিরহাট।
৬। উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
৭। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৮। উপজেলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
৯। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট।
১০। উপজেলা ------------------------------------------------------------ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট।
১১। চেয়ারম্যান ------------------------------------------------------ (সকল) ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট।
১২। জনাব ------------------------------------------------------------------------ কালীগঞ্জ, লালমনিরহাট।

১৩/৬/২৪

(জহির ইমাম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
কালীগঞ্জ, লালমনিরহাট।

পরিশিষ্ট "ক" উপস্থিতি সদস্য স্বাক্ষরের ক্রমানুযায়ী (জ্যেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| | | | |
|---|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৪. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ২. | উপজেলা নির্বাহী অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৫. | উপজেলা প্রকৌশলী, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৬. | উপজেলা শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালীগঞ্জ | ১৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৫. | চেয়ারম্যান, ভোটমারী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৮. | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৬. | চেয়ারম্যান, মদাতী ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ১৯. | উপজেলা সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালীগঞ্জ |
| ৭. | চেয়ারম্যান, তুষভান্ডার ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২০. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৮. | চেয়ারম্যান, গোড়ল ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২১. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ৯. | চেয়ারম্যান, চলবলা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২২. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১০. | চেয়ারম্যান, কাকিনা ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১১. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১২. | উপজেলা কৃষি অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৫. | উপজেলা সমবায় অফিসার, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ১৩. | উপজেলা স্বাস্থ্য পঃ পঃ কর্মকর্তা, কালীগঞ্জ, লালমনিরহাট | ২৬. | ফরেস্টার, উপজেলা বনায়ন ও নার্সারী কেন্দ্র, কালীগঞ্জ, লালমনিরহাট |

পরিশিষ্ট "খ"-তে সদস্য অনুপস্থিত দেখানো হলো :

| | |
|---|---|
| ১. | চেয়ারম্যান, দলগ্রাম, ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট |
| ২. | চেয়ারম্যান, চন্দ্রপুর ইউপি, কালীগঞ্জ, লালমনিরহাট |



CamScanner

২০২৪-২০২৫ অর্থ বছরের এডিপি/উন্নয়ন প্রকল্পের আওতায় খসড়া প্রকল্প তালিকা:
উপজেলা: কালীগঞ্জ,জেলা: লালমনিরহাট।

| ক্র:নং | প্রকল্পের নাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | ভোটমারী ইউনিয়নের ৮নং ওয়ার্ডের শ্রুতিধর মৌজায় নুর ইসলাম মাষ্টারের বাড়ী হতে রেল লাইন পর্যন্ত রাস্তায় এইচবিবিকরণসহ রাস্তার পার্শ্বে ০২টি পুকুরে প্যালাসাইডিং নির্মাণ। | ৮,০০,০০০.০০ |
| ২. | ভোটমারী ইউনিয়নের ডা: চন্দনা উচ্চ বিদ্যালয়ের শ্রেণি কক্ষের দরজা, জানালা নির্মাণ ও প্লাস্টারকরণ। | ২,০০,০০০.০০ |
| ৩. | মদাতী ইউনিয়নের বাবুর হাট বাজারে অস্থায়ী ইউনিয়ন পরিষদ নির্মাণ। | ৬,০০,০০০.০০ |
| ৪. | মদাতী ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে গরীব ও দু:স্থ পরিবারের মাঝে নলকুপ বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ৫. | মদাতী ইউনিয়নের ৫নং ওয়ার্ডেও জুরাবান্দা ফজরদী মাতবর এর বাড়ীর সাথে ইউড্রেন নির্মান | ২,০০,০০০.০০ |
| ৬. | তুষভান্ডার ইউনিয়নের সুন্দ্রাহবি নেছাবিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের রাস্তায় এইচবিবিকরণ। | ৬,০০,০০০.০০ |
| ৭. | তুষভান্ডার ইউনিয়নের কাঞ্চনশ্বর মৌজার আঙ্গুরের বাড়ী যাওয়া রাস্তায় এইচবিবিকরণ। | ৪,০০,০০০.০০ |
| ৮. | তুষভান্ডার ইউনিয়নের বানীনগর বিনোদন শিশু নিকেতনের অভিভাবকদের বসার জন্য সেড ঘর নির্মাণ। | ২,০০,০০০.০০ |
| ৯. | দলগ্রাম ইউনিয়নের ৬নং ওয়ার্ডের দক্ষিণ দলগ্রাম বটতলা হতে পূর্ব দিকে ফরিদ ডাক্তারের বাড়ী পর্যন্ত রাস্তা এইচবিবিকরণ। | ৮,০০,০০০.০০ |
| ১০. | দলগ্রাম ইউনিয়নের ৪নং ওয়ার্ডের গরীব ও দু:স্থ পরিবারের মাঝে নলকুপ বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১১. | চন্দ্রপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডের উত্তর বত্রিশ হাজারী মৌজার চাপারহাট উচ্চ বিদ্যালয়ে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহকরণ। | ৪,০০,০০০.০০ |
| ১২. | চন্দ্রপুর ইউনিয়নের জামেনা রওশন আরা মহিলা কলেজে উঁচু-নীচু বেঞ্চ সরবরাহকরণ। | ৪,০০,০০০.০০ |
| ১৩. | চন্দ্রপুর ইউনিয়ন পরিষদে ভিজিটিং চেয়ার ক্রয়। | ২,০০,০০০.০০ |
| ১৪. | গোড়ল ইউনিয়ন পরিষদ মাঠে গোলঘর নির্মান | ৫,০০,০০০.০০ |
| ১৫. | গোড়ল ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে খেলাধুলার সামগ্রী বিতরণ | ২,০০,০০০.০০ |
| ১৬. | গোড়ল ইউনিয়নের গান্ডার পাড় শ্মশান ও ৭নং ওয়ার্ডে টেপারহাট যাওয়া রাস্তায় প্যালাসাটিং নির্মান। | ৫,০০,০০০.০০ |
| ১৭. | চলবলা ইউনিয়নের শিয়ালখোওয়া স্কুলের অফিস কক্ষে ডেক্সটপ কম্পিউটারসহ প্রিন্টার সরবরাহকরণ। | ১,০০,০০০.০০ |
| ১৮. | চলবলা ইউনিয়নের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ১৯. | চলবলা ইউনিয়নের নিথক মৌজায় চেয়ারম্যানের বাড়ী যাওয়ার রাস্তায় আরসিসিকরণ। | ৭,০০,০০০.০০ |
| ২০. | চলবলা ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে খেলাধুলার সামগ্রী বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ২১. | কাকিনা ইউনিয়ন পরিষদে হিসাব সহকারীর অফিস কক্ষে ল্যাপটপ, প্রিন্টার, অন্যান্যা সরঞ্জামাদিসহ সিসি ক্যামেরা ক্রয়। | ২,০০,০০০.০০ |
| ২২. | কাকিনা ইউনিয়ন পরিষদের ওয়েটিং রুমের প্লাস্টার, দরজা-জানালা থাইকরণ এবং বৈদ্যুতিক সংযোগসহ অসামাপ্ত কাজ সমাপ্তকরণ। | ৮,০০,০০০.০০ |
| ২৩. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে খেলাধুলার সামগ্রী ক্রয়। | ৪,০০,০০০.০০ |
| ২৪. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীব ও দু:স্থ পরিবারের মাঝে নলকুপ বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ২৫. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীব ও দু:স্থ পরিবারের মাঝে সোলার লাইট সরবরাহকরণ। | ২,০০,০০০.০০ |
| ২৬. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীব ও দু:স্থ পরিবারের মাঝে রিং স্লাব বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ২৭. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে খেলাধুলার সামগ্রী ক্রয়। | ২,০০,০০০.০০ |
| ২৮ | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীব ও দু:স্থ পরিবারের মাঝে নলকুপ বিতরণ। | ৬,০০,০০০.০০ |
| ২৯. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের গরীব ও মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল বিতরণ। | ২,০০,০০০.০০ |

৩১/৭/২৪

31.7.24

CS CamScanner

| উপজেলা উন্নয়ন তহবিলের আওতায় প্রকল্প | | |
|---|---|---|
| ১. | কালীগঞ্জ উপজেলার মদাতী ইউনিয়ন, দলগ্রাম ইউনিয়ন, চন্দ্রপুর ইউনিয়ন, গোড়ল ও চলবলা ইউনিয়নে মাদক বিরোধী কর্মশালার আয়োজন করণ। | ৪,০০,০০০.০০ |
| ২. | কালীগঞ্জ উপজেলার আবাসন/আশ্রয়ণবাসীদের জীবন ও জীবিকার মান উন্নয়নকল্পে বিভিন্ন ধরণের প্রশিক্ষণের আয়োজন। | ৪,০০,০০০.০০ |
| ৩. | তুষভান্ডার ইউনিয়নের বানীনগর মৌজায় ভুট্টার ভাস্কর্য স্থাপন। | ৫,০০,০০০.০০ |
| ৪. | কালীগঞ্জ উপজেলার আবাসন/আশ্রয়ণবাসীদের বিশুদ্ধ পানির জন্য নলকুপ সরবরাহকরণ। | ৫,০০,০০০.০০ |
| ৫. | তুষভান্ডার পাবলিক লাইব্রেরী সংস্কার ও পুস্তক ক্রয়। | ৩,০০,০০০.০০ |
| ৬. | উপজেলা অফিসার্স ক্লাব সংস্কার ও আসবাবপত্র সরবরাহকরণ। | ৭,০০,০০০.০০ |
| ৭. | উপজেলা শিল্পকলা একাডেমী সংস্কার ও বাদ্যযন্ত্র ক্রয়। | ৩,০০,০০০.০০ |
| ৮. | উপজেলা ক্রীড়া সংস্থার ওয়াশরুম সংস্কার, ব্যাডমিন্টন ইন্টোরিয়ার ঘর সংস্কার ও মাঠ সংস্কার। | ৫,০০,০০০.০০ |
| ৯. | কালীগঞ্জ উপজেলায় মাদক বিরোধী ফুটবল টুর্নামেন্ট ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন। | ১০,০০,০০০.০০ |
| ১০. | উপজেলা পরিষদের নামফলক সম্বলিত তোরণ নির্মাণ। | ৫,০০,০০০.০০ |
| ১১. | উপজেলা ফায়ার সার্ভিস এর গ্যারেজ ও মসজিদ সংলগ্ন বারান্দা টাইলসকরণ। | ৩,০০,০০০.০০ |
| ১২. | অফিসার ইনচার্জ, কালীগঞ্জ থানার অফিস কক্ষ সংস্কার, টাইলসকরণ, ইন্টোরিয়ারকরণ ও এসি ক্রয়। | ৭,০০,০০০.০০ |
| ১৩. | উপজেলার পার্শ্বে লালমনিরহাট-বুড়িমারী মহাসড়ক (ডিসি রোডে) ও বাজার এবং গুরুত্বপূর্ণ স্থানে উন্নতমানের সিসি ক্যামেরা স্থাপন। | ৫,০০,০০০.০০ |
| ১৪. | কাকিনা ইউনিয়নের মহিষামুড়ী আশ্রয়ণ প্রকল্পের গেইট নির্মাণ। | ২,০০,০০০.০০ |
| ১৫. | কালীগঞ্জ উপজেলার গরীব ও মেধাবী ছাত্র-ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ ও হুইল চেয়ার সরবরাহকরণ। | ১০,০০,০০০.০০ |
| ১৬. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে সিলিং ফ্যান সরবরাহকরণ। | ১০,০০,০০০.০০ |
| ১৭. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান/ক্লাবে খেলাধূলার সামগ্রী বিতরণ। | ১০,০০,০০০.০০ |
| ১৮. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন ইউনিয়নের কমিউনিটি ক্লিনিকে স্বাস্থ্য সরঞ্জামাদি সরবরাহকরণ। | ৫,০০,০০০.০০ |
| ১৯. | কালীগঞ্জ উপজেলার গরীব ও দুঃস্থ পরিবারের মাঝে নলকুপ বিতরণ। | ৫,০০,০০০.০০ |
| ২০. | কালীগঞ্জ উপজেলার বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে স্ট্রীট লাইট স্থাপন। | ১০,০০,০০০.০০ |
| ২১. | কালীগঞ্জ উপজেলার গরীব ও দুঃস্থ পরিবারের মাঝে রিং ও স্লাব বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ২২. | কালীগঞ্জ উপজেলার গরীব ও দুঃস্থ মহিলাদের মাঝে সেলাই মেশিন বিতরণ। | ২,০০,০০০.০০ |
| ২৩ | বানীনগর উচ্চ বিদ্যালয়ের মুক্তমঞ্চের অসমাপ্ত কাজ সমাপ্ত করন | ৫০,০০০.০০ |
| ২৪ | দুহুলী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ সংস্কার | ১,০০,০০০.০০ |
| | সর্বমোট= | ২,২৯,৫০,০০০.০০ |

CamScanner